

ঃ বিআরটিএ'র বিজ্ঞপ্তি ঃ

ঢাকা ও চট্টগ্রাম মহানগরীর অভ্যন্তরে চলাচলরত সিএনজি চালিত বাস ও মিনিবাসের ভাড়া নির্ধারণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

ঢাকা ও চট্টগ্রাম মহানগরীর অভ্যন্তরে চলাচলরত সিএনজি চালিত বাস ও মিনিবাসের ভাড়া সরকার কর্তৃক নিম্নোক্তভাবে নির্ধারণ করা হয়েছে :

ক্রমিক নং	যানবাহনের ধরণ	ভাড়ার হার
১।	সিএনজি চালিত বাস	প্রতি যাত্রী প্রতি কিলোমিটার ১.২০ টাকা। তবে, সর্বনিম্ন ভাড়া ৫.০০ টাকা।
২।	সিএনজিতে রূপান্তরিত মিনিবাস	প্রতি যাত্রী প্রতি কিলোমিটার ১.১০ টাকা।

ঢাকা ও চট্টগ্রাম মহানগরীর অভ্যন্তরে চলাচলরত সিএনজি চালিত বাস ও মিনিবাসের সংশ্লিষ্ট সকল মালিক/অপারেটর কে উল্লেখিত হারে ভাড়ার তালিকা অনুমোদন করে প্রত্যেক গাড়িতে যাত্রী সাধারণের সহজে দৃশমান স্থানে প্রদর্শন এবং অনুমোদিত ভাড়ার তালিকা অনুসারে ভাড়া আদায় করার জন্য অনুরোধ করা যাচ্ছে। সরকার নির্ধারিত হারের অতিরিক্ত ভাড়া আদায় করা হলে এবং অনুমোদিত ভাড়ার তালিকা গাড়িতে প্রদর্শন করা না হলে সংশ্লিষ্ট গাড়ির রুট পারমিট বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

এ ছাড়াও, প্রত্যেক যাত্রীকে ভাড়ার বিবরণ সম্বলিত টিকিট প্রদান করতে হবে যাতে ভাড়ার পরিমাণ ছাড়াও রুট নং, রুটের নাম, অভিযোগ দায়েরের জন্য কোম্পানী/অপারেটর/মালিক ও আইন প্রয়োগকারী সংস্থার টেলিফোন নং লিপিবদ্ধ থাকবে।

যাত্রী সাধারণকে ভাড়ার তালিকা অনুযায়ী ভাড়া প্রদান করে টিকিট বুকে নেবার জন্য অনুরোধ করা যাচ্ছে।

উল্লেখ্য যে, বর্ণিত ভাড়ার হার শুধুমাত্র ঢাকা ও চট্টগ্রাম মহানগরীর অভ্যন্তরে চলাচলরত সিএনজি চালিত বাস ও মিনিবাসের ক্ষেত্রে প্রযোজ্য। ঢাকা ও চট্টগ্রাম মহানগর ব্যতিত জেলা, আন্তঃজেলা ও দূরপাল্লায় চলাচলকৃত বাস-মিনিবাসের ক্ষেত্রে নতুন করে কোন ভাড়া পুনঃনির্ধারণ করা হয়নি।

পরিচালক (ইঞ্জিনিয়ারিং)
বিআরটিএ